

## একুশে পদক পেলেন ১৫ বিশিষ্ট ব্যক্তি

■ সমকাল প্রতিবেদক  
একুশে পদক ২০১৫ ঘোষণা করা হয়েছে। স্ব স্ব ক্ষেত্রে অবদানের জন্য এবার দেশের ১৫ বিশিষ্টজনকে রাষ্ট্রীয় ওই সর্বোচ্চ পদক দেওয়া হচ্ছে। এবার, যারা একুশে পদকে ভূষিত হয়েছেন তারা হলেন- ভাষা আন্দোলনে পিয়রু সরদার (মরণোত্তর), মুক্তিযুদ্ধে অধ্যাপক মো. মজিবুর রহমান দেবদাস, ভাষা ও সাহিত্যে অধ্যাপক হিজন শর্মা ও মুহম্মদ নুরুল হুদু, শিল্পকলায় আবদুর রহমান বয়াতি (মরণোত্তর), এম এ আবুল হায়াত ও এটিএম শামসুজ্জামান, শিক্ষায় ডা. এম এ মারান ও সনৎ কুমার সাহা, গবেষণায় আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া, সাংবাদিকতায় কামাল লোহানী, গণমাধ্যমে ফরিদুর রেজা সাগর, সমাজসেবায় ঝর্ণাধারা চৌধুরী, সত্যপ্রিয় সহায়ের ও অধ্যাপক অরুণ রতন চৌধুরী।  
রোববার সংস্কৃতি মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এবার একুশে পদক পাওয়া বিশিষ্ট ব্যক্তিদের নাম ঘোষণা করা হয়। আগামী ১৯ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওসমানী স্মৃতি মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে এ পদক বিতরণ করবেন।